

ভোনের কাগজ

তারিখ: ০৪/০৪/০২  
পৃষ্ঠা: ৯ কাম: ৩

## বেসরকারি কলেজের

## প্রদর্শকদের পদোন্নতি প্রসঙ্গে

আমি একটি বেসরকারি কলেজের রসায়ন বিভাগের প্রদর্শক এবং ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি বিষয়ে অনার্সসহ এমএসসি ডিগ্রিধারী। সরকারি কলেজে যে সমস্ত প্রদর্শক/প্রদর্শিকা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী হন তারা কালক্রমে প্রমোশন পেয়ে প্রভাষক হন এবং পরবর্তীকালে উচ্চতর পদেও প্রমোশন প্রাপ্ত হন কিন্তু বেসরকারি কলেজের আমরা যারা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী হয়েও প্রদর্শক/প্রদর্শিকা পদে চাকরি করছি কিন্তু সমস্ত চাকরি জীবনে তাদের কোনো প্রমোশন নেই। শুধুমাত্র চাকরি জীবনের আট বছর পূর্তিতে একটি টাইম স্কেল পাওয়া যায়; তাও পূর্ববর্তী পদমর্যাদা বজায় রেখে। অর্থাৎ প্রভাষক পদের স্কেল পেলেও আমাদের পদমর্যাদা প্রভাষক হয় না। অপরদিকে বেসরকারি কলেজে প্রভাষক হিসেবে যোগদানকৃতরা প্রমোশন পেয়ে সহকারী অধ্যাপক হন এবং সহকারী অধ্যাপকদের সহযোগী অধ্যাপক হিসেবে প্রমোশনের বিষয়টিও বর্তমানে সরকারের বিবেচনামত। অথচ কলেজের শিক্ষক মঞ্জুরী অস্তর্গত হওয়া সত্ত্বেও প্রদর্শকরা সর্বধরনের প্রমোশন থেকে বঞ্চিত।

এটি নিতান্তই অমানবিক ও বৈষম্যমূলক। তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আমার একান্ত প্রার্থনা আমরা যারা বিজ্ঞানের বিভিন্ন শাখায় স্নাতকোত্তর

ডিগ্রিধারী হয়েও বেসরকারি কলেজে সংশ্লিষ্ট বিষয়ে প্রদর্শক/প্রদর্শিকা হিসেবে কর্মরত আছি চাকরির আট বছর পূর্তিতে তাদেরকে প্রভাষক হিসেবে প্রমোশন দেওয়া হোক।

শ্যামল কুমার ঘোষ  
প্রদর্শক রসায়ন বিভাগ  
শ্রীপুর ডিগ্রী কলেজ  
শ্রীপুর, মাগুরা।